

💵 আর-রাহীকুল মাখতূম

বিভাগ/অধ্যায়ঃ হুদায়বিয়াহর উমরাহ ৯ ٦ (عمرة الحديبية (فِيْ ذِيْ الْقَعْدَةِ سَنَةَ الْمَاكِةِ الْقَعْدَةِ سَنَة) রচয়িতা/সঙ্কলকঃ আল্লামা সফিউর রহমান মোবারকপুরী (রহঃ)

উসমানের শাহাদাতের গুজব এবং রিযওয়ান প্রতিজ্ঞা (إِشَاعَةُ مَقْتَلِ عُثْمَانٍ وَبَيْعَةُ الرِّضْوَانِ):

উসমান (রাঃ) তাঁর উপর আরোপিত দৌত-মহোদ্যম সম্পূর্ণ করলেন কিন্তু কুরাইশগণ তাঁকে আটকাবস্থায় রাখলেন। সম্ভবত উদ্ভূত পরিস্থিতির ব্যাপারে সঠিক কোন সিদ্ধান্ত গ্রহণ করতে না পারার কারণেই এবং কিছুটা বিলম্বে হলেও তাঁর মাধ্যমে তারা তাদের সিদ্ধান্ত সঠিক রেখেছিল। যেহেতু ব্যাপারটি ছিল তাদের জন্য অত্যন্ত বিতর্কমূলক এবং এ ব্যাপারে তাদের আরও সলা-পরামর্শের প্রয়োজন ছিল সেহেতু তারা উসমান (রাঃ)-এর প্রত্যাবর্তন বিলম্বিত করতে চেয়েছিল।

রাসূলুল্লাহ (ﷺ) এ অঙ্গীকার গ্রহণ করেছিলেন একটি বৃক্ষের তলদেশে। উমার (রাঃ) পবিত্র হাতকে উত্তোলিত অবস্থায় রেখেছিলেন এবং মাকাল বিন ইয়াসার (রাঃ) বৃক্ষের কতগুলো শাখা ধরে রাসূলে কারীম (ﷺ)_এর উপর থেকে সরিয়ে রেখেছিলেন। এ অঙ্গীকারের নাম হচ্ছে বাইয়াত রিযওয়ান। এ বাইয়াত সম্পর্কে কুরআনে ইরশাদ হয়েছে:

(لَقَدْ رَضِيَ اللهُ عَن الْمُؤْمِنِيْنَ إِذْ يُبَايِعُوْنَكَ تَحْتَ الشَّجَرَةِ)الآية [الفتح: 18]

'মু'মিনদের প্রতি আল্লাহ সম্ভুষ্ট হলেন যখন তারা (হুদাইবিয়ায়) গাছের তলে তোমার কাছে বায়'আত নিল।' [আল-ফাতহ (৪৮) : ১৮]

Source — https://www.hadithbd.com/books/link/?id=6314



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন